



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

নিয়োগ বিজ্ঞপ্তি

“শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ”

স্মারক নং-২৭.২৬.০০০০.০০৫.০৩.০০৩.১৭. ১৩৩৮

তারিখ: ১৮/১২/২০১৭ খ্রিঃ

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিএল) একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে বিদ্যুৎ উৎপাদন কাজে নিয়োজিত। কোম্পানীর পটুয়াখালী ১৩২০ মেঃওঃ কমলাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ‘ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন ও পুনর্বাসন’ শীর্ষক প্রকল্প এর বিপরীতে প্রকল্প মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানের নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নে পদের নাম, পদের সংখ্যা, প্রয়োজনীয় যোগ্যতা এবং সর্বসাকুল্য বেতন উল্লেখ করা হলো:

ক্র.	পদের নাম ও মাসিক সাকুল্য বেতন	পদ সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
১।	সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল/সিভিল) মাসিক সাকুল্য বেতন-৫২,০০০/-	ইলেকট্রিক্যাল ০১ টি	বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে প্রকৌশল (ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক) এ মাতক ডিগ্রী।
২।		সিভিল ০১ টি	বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে প্রকৌশল (সিভিল) এ মাতক ডিগ্রী।
৩।	সহকারী ব্যবস্থাপক (এইচআর/এডমিন) মাসিক সাকুল্য বেতন-৫২,০০০/-	০১ টি	বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মানব সম্পদ/ব্যবস্থাপনা অথবা সংশ্লিষ্ট বিষয়ে মাতকোত্তর ডিগ্রী।
৪।	সহকারী ব্যবস্থাপক (হিসাব/অর্থ) মাসিক সাকুল্য বেতন-৫২,০০০/-	০১ টি	বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/অর্থ/হিসাব বিষয়ে মাতকোত্তর অথবা এমবিএ (হিসাব/অর্থ) ডিগ্রী।
৫।	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) মাসিক সাকুল্য বেতন-৪০,০০০/-	০২ টি	বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল টেকনোলজি)।
৬।	সহকারী হিসাব রক্ষক মাসিক সাকুল্য বেতন-২৬,০০০/-	০১ টি	বাণিজ্যে মাতক ডিগ্রী।
৭।	অফিস এ্যাসিস্ট্যান্ট মাসিক সাকুল্য বেতন-২৬,০০০/-	০২ টি	মাতক অথবা এইচ.এস.সি পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা।

শর্তাবলী :

- প্রার্থীগণকে <http://rpcl.teletalk.com.bd> অথবা www.rpcl.org.bd ওয়েবসাইট এ প্রবেশ পূর্বক Online Application Form পূরণ করার মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি বর্ণিত ওয়েবসাইট হতে বিজ্ঞপ্তিতে জানা যাবে।
- অনলাইন এ আবেদন পূরণ শুরু তারিখ ও সময়ঃ ১৯ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা এবং আবেদন করার শেষ তারিখ ও সময়ঃ ১০ জানুয়ারী ২০১৮ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।
- সকল পদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর (১৯ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ পর্যন্ত)। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে বয়সসীমা ৩২ বছর (১৯ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ পর্যন্ত)।
- নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থী/প্রার্থীদেরকে প্রাথমিকভাবে ০১ (এক) বছরের জন্য নিয়োগ প্রদান করা হবে, তবে কর্মসম্পাদনের মান, দক্ষতা ও কাজের প্রয়োজনীয়তা বিবেচনায় নিয়োগের মেয়াদ প্রকল্প মেয়াদকালীন পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। উল্লেখ্য, কোম্পানীর নিয়মিত নিয়োগের সাথে অত্র নিয়োগের কোন প্রকার সম্পর্ক থাকবে না।
- শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে পরীক্ষায় উত্তীর্ণ (১) হতে (৫) নং ক্রমিক বর্ণিত পদসমূহের ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.৮ অথবা ৪.০ স্কেলে ন্যূনতম ২.৫ থাকতে হবে এবং (৬) ও (৭) নং ক্রমিক বর্ণিত পদসমূহের ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ২.৫ অথবা ৪.০ স্কেলে ন্যূনতম ২.২৫ থাকতে হবে।
- (১) হতে (৫) নং ক্রমিক বর্ণিত পদসমূহের জন্য আবেদনকারীগণকে যোগাযোগের ক্ষেত্রে বাংলা ও ইংরেজীতে পারদর্শী হতে হবে এবং কম্পিউটার ব্যবহারে পারদর্শী ও নেতৃত্ব দানের ক্ষমতা থাকতে হবে।
- (৬) এবং (৭) নং ক্রমিক বর্ণিত পদসমূহের ক্ষেত্রে আবেদনকারীগণকে কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।
- ক্রমিক নং- (১) হতে (৫) পর্যন্ত, প্রতিটি পদের বিপরীতে আবেদনের জন্য আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচ শত টাকা) এবং ক্রমিক নং-(৬) ও (৭) এ বর্ণিত প্রতিটি পদের বিপরীতে আবেদনের জন্য আবেদন ফি বাবদ ৩০০/- (তিন শত টাকা) টেলিটকের প্রি-পেইড নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে <http://rpcl.teletalk.com.bd> এর নির্দেশনা মোতাবেক পরিশোধ করতে হবে।
- সরকারী/আধা-সরকারী/দায়িত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পত্র মৌখিক (সাক্ষাৎকার) পরীক্ষার সময় জমা প্রদান করতে হবে।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত তার শিক্ষাগত যোগ্যতা, পঠিত বিষয়, জন্ম তারিখ, বয়স ও অন্যান্য তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে, নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে তার প্রার্থিতা বাতিল করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ সেলিম ডুইয়া

নির্বাহী পরিচালক (প্রকৌশল) ও প্রকল্প পরিচালক

ফোনঃ ০২-৭৯১১২০১